



Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL

আহমদীয়া মুসলিম জামা'ত প্রধানের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে বায়তুল ফুতুহ মসজিদে লিবারেল
ডেমোক্রট দলের নেতার আগমন

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর সাথে স্যার ভিন্স ক্যাবল এবং স্যার এডওয়ার্ড ডেভি-র সাক্ষাৎ



৫ই জানুয়ারি ২০১৮ তারিখে লিবারেল ডেমোক্রট দলের নেতা স্যার ভিন্স ক্যাবল এমপি বায়তুল ফুতুহ মসজিদ পরিদর্শন করেন যেখানে আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্বনেতা, পঞ্চম খলীফা, সম্মানিত হযূর, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর সাথে তিনি সাক্ষাৎ করেন। সেখানে আরও উপস্থিত ছিলেন স্যার এডওয়ার্ড ডেভি এমপি।



তঁর সাপ্তাহিক খুৎবা জুমুআ প্রদানের পর অনুষ্ঠিত এ বৈঠকে, সম্মানিত হুযূর বিরামহীন যুদ্ধবিগ্রহের দরুন ইয়েমেনের জনগণের অবিরাম দুঃখ-দুর্দশায় তঁর শোক ও সমবেদনা প্রকাশ করেন। সম্মানিত হুযূর বলেন যে চরম নির্মমতার প্রদর্শন করা হচ্ছে এবং শিশু-কিশোর সহ লক্ষ লক্ষ মানুষ অনাহারে প্রাণ হারাচ্ছে।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

"ইয়েমেন এক মানবিক বিপর্যয় বিরাজ করছে এবং এ কারণে নিরীহ মানুষগুলোকে সাহায্য করার জন্য জোর প্রচেষ্টার প্রয়োজন। এই বিষয়ে আহমদী মুসলমানরা নিজেদের সাধ্য ও ক্ষমতা অনুযায়ী খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমি আশা করি সরকার এবং রাজনৈতিক নেতাগণও সেই মানুষগুলোর দুর্ভোগ শেষ করার জন্য সহায়তা প্রদান করবেন।"

এ পরিস্থিতিকে "মর্মান্তিক" আখ্যা দিয়ে সম্মানিত হুযূর আরও বলেন:

ইয়েমেনে চরম নিষ্ঠুরতা সংঘটিত হচ্ছে এবং আমাদের এ বিষয়ে স্পষ্ট হওয়া উচিত যে নিষ্ঠুরতা নিষ্ঠুরতাই এর হোতা যেই হোক না কেন। অতএব, যেই এ অন্যায় এবং অবিচার চালাচ্ছে তাকে অবশ্যই নিন্দা জানানো উচিত।

বৈঠককালে সম্মানিত হুযূর বিশ্বের অস্ত্র বানিজ্যের প্রতি নিন্দা জ্ঞাপন করেন যা বিশ্বব্যাপী যুদ্ধাবস্থার ইন্ধন বলে তিনি উল্লেখ করেন।

রাজনীতিবিদগণের মনোনিবেশের জন্য তাঁর নির্দিষ্ট কোন বাণী অথবা বিষয়বস্তু আছে কিনা স্যার ভিন্স ক্যাবল এর এই প্রশ্নের উত্তরে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

"আমার পয়গাম সবসময় অভিন্ন - আমাদের সবার উচ্চ ভাববাসা, সহমর্মিতা এবং সর্বজনীন উন্নতি ও শান্তির লক্ষ্যে কাজ করা। এটি বর্তমান সময়ের একটি গুরুত্বপূর্ণ দাবী এনং আমরা হার মানতে পারি না।"

তাছাড়াও সভায় যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক রাজনীতি এবং ব্রেক্সিটের চলমান পরিণতি নিয়ে আলোচনা হয়।

সম্মানিত ছয়ূরের সাথে সাক্ষাতের পর স্যার ভিন্স ক্যাবল এবং স্যার এডওয়ার্ড ডেভিকে যুক্তরাজ্য আহমদীয়া মুসলিম জামা'ত এর ন্যাশনাল আমীর রফিক আহমদ হযাত বায়তুল ফুতুহ মসজিদ কমপ্লেক্স ঘুরিয়ে দেখান।

পরিদর্শনের পর এমটিএ নিউজ এর সাথে এক সাক্ষাৎকারে স্যার ভিন্স ক্যাবল বলেন:

এটি খুবই তাৎপর্যপূর্ণ যে যুক্তরাজ্যে আমাদের সাথেই ইসলাম ধর্মাবলম্বী এমন একজন আধ্যাত্মিক নেতা রয়েছেন (মির্যা মসরুর আহমদ) যিনি শান্তি ও সম্প্রীতির প্রচার করেন। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এজন্য যে আমার মতে এমন অনেক ব্রিটিশ মানুষ আছে যাদেরকে এটি বিশ্বাস করানো হয়েছে যে ইসলাম একটি সহিংস ধর্ম এবং যাদের মাঝে ইসলাম নিয়ে অত্যন্ত বিরূপ মনোভাব রয়েছে, এবং এজন্য আমি মনে করি সম্মানিত ছয়ূর যা বলেন তা এই মনোভাবে দূর করার জন্য খুবই জোরালো এক প্রতিষেধক।